

বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ

১-৭ আগস্ট ১৯৯৯


মায়ের দুধ জীবন ও শিক্ষার মান বাড়ায়



বাংলাদেশ ব্রেস্ট ফিডিং ফাউন্ডেশন
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

বিশেষ ক্রোড়পত্র

অঙ্গসজ্জা ও পরিকল্পনায় : খারা এ্যাড



বাণী

মায়ের দুধ শিশুর জন্য শ্রেষ্ঠ খাবার। শিশুর স্বাস্থ্য ও পুষ্টি রক্ষা, রোগ প্রতিরোধ এবং মেধা বৃদ্ধিতে মায়ের দুধের ভূমিকা অপরিহার্য। মায়ের দুধের বিভিন্ন উপাদান শিশুর স্বাস্থ্য রক্ষা করে ও শিশুর মেধা শক্তির ক্রমবিকাশ ঘটায়। বিভিন্ন গবেষণায় দেখা গেছে, মায়ের দুধ শিশুর বুদ্ধি বাড়ায়। প্রতিবারের মত এবারও দেশব্যাপী "বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ, ১৯৯৯" পালনের উদ্যোগকে আমি স্বাগত জানাই। এবারের প্রতিপাদ্য বিষয় : "মায়ের দুধ : জীবন ও শিক্ষার মান বাড়ায়" সমন্বিত বলে আমি মনে করি। আমি বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ '৯৯ উদযাপন কর্মসূচীর সার্বিক সাফল্য কামনা করি।

বিচারপতি সাহাবুদ্দীন আহমদ
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ



বাণী

মায়ের দুধ ছয় মাস বয়স পর্যন্ত শিশুর জন্য শ্রেষ্ঠ খাবার। প্রতি বছরের মত এবারও জাতীয় ভাবে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ পালিত হচ্ছে জেনে আমি আনন্দিত। শিশুর বুদ্ধি ও বিকাশ সাধনে মায়ের দুধ খাওয়ানোর ভূমিকা অপরিহার্য। তাই এবারের প্রতিপাদ্য বিষয় নির্ধারিত হয়েছে "মায়ের দুধ : জীবন ও শিক্ষার মান বাড়ায়"। একটি সুস্থ সুন্দর শিশু একটি

সুস্থ সমাজের প্রতিভা। মায়ের দুধ পান করা শিশুর জন্মগত অধিকার। এই অধিকারকে রক্ষা করা সমাজের সকলেরই দায়িত্ব। মায়ের দুধ খেয়ে শিশুরা যাতে সুস্থ, সুন্দর ও বুদ্ধিমান হয়ে বেড়ে ওঠে এ ব্যাপারে অগ্রাধিকার ভিত্তিতে সঠিক ভবিষ্যৎ কর্মসূচী গ্রহণ করা প্রয়োজন বলে আমি মনে করি।

আমি বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ উদযাপনে সকল কর্মসূচীর সার্বিক সাফল্য কামনা করছি। জয়বাংলা, জয় বঙ্গবন্ধু, বাংলাদেশ চিরজীবী হোক।

অধ্যাপক ডাঃ এম আমান
উল্লাহ
প্রতিমন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ
মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
সরকার

জন্মের পর পরই শিশুকে বুকের প্রথম শাল দুধ খাওয়ান

The Holy Qurañ, Sura Baqara, Ayat 233

"The mothers shall give suck to their offspring for two whole years, if they desire to complete the term of breastfeeding"

Breastfeeding is the gold standard of infant feeding and is crucial for child nutrition, survival and development. Breastfeeding strengthens and ensures the quality of the programmes on diarrhoeal disease, acute respiratory infections (ARI) immunisation, vitamin A and nutrition. Without breast-feeding, these programmes will lose effectiveness and will not be sustained, resulting in economic loss. A child who is exclusively breastfed has 25 times and 4 times less chance of death from diarrhoea and ARI respectively than a child who is bottle fed. Breastfeeding reduces diarrhoeal and ARI severity and enhances recovery. Breastfeeding is considered the first immunisation for the child. Because the mother's own antigens are transmitted through breast milk. As a single activity breastfeeding provides optimum growth upto 6 months of age, is economical and helps develop the bond between mother and child. Although breastfeeding is not a traditional contraceptive method it has an effect on overall fertility of populations. Breastfeeding reduces the chance of the mother to suffer from breast and ovarian cancer.

World Breastfeeding week

The protection, promotion and support of breastfeeding is now a global commitment. To this and every year World Breastfeeding week (WBW) is observed in most nations of the world from 1st August of 7th August, the primary objective of which is to remind all of us on the crucial importance of breastfeeding. Bangladesh Breastfeeding Foundation (BBF) in collaboration with the Ministry of Health and Family Welfare observes this week. Each year a theme is chosen and this year's theme of the WBW is BREASTFEEDING EDUCATION FOR LIFE.

World Breastfeeding Week theme of 1999

Each year a theme is chosen and this year's theme of the WBW is BREASTFEEDING EDUCATION FOR LIFE. Recently all over the world even in the poor developing countries there is increasing knowledge and concern about proper early childhood development. The latter is said to depend on many factors such as interactions in the family, moral and spiritual development and caring practices. But that breastfeeding contributes so much to all these and to human development and improved quality of life is not widely acknowledged. Recent research indicates that breastfeeding is not only important for health, nutrition and the

Breastfeeding : Education for Life

Professor M Q-K Talukder
Director and Professor of Paediatrics,
Institute of Child and Mother Health and
Chairperson
Bangladesh Breastfeeding Foundation

development of a child but also enhances brain development, intelligence, cognitive function and learning abilities. Special fatty acids such as desoxyhexanoic acid (DHA) and arachidonic acid (AA) in breast milk are considered to increase intelligence quotient (IQ) and improve visual acuity. Many research studies have shown better school performance in breastfed children. With all these arguments this year's theme of BREASTFEEDING EDUCATION FOR LIFE emphasises the need to integrate information on the importance of breastfeeding with the educational systems at all levels.

The objectives of WBW 1999.

- Increase public awareness

on the importance of protecting, promoting and supporting breastfeeding.

- Encourage and ensure the incorporation of education on breastfeeding and complementary feeding into all levels of formal and informal education particularly in medical institutions and health organisations
- Involve school children in WBW activities
- Encourage the integration of breastfeeding experiences and practices into children's development materials.

Education on breastfeeding at all levels is important :

It is important and possible to incorporate breastfeeding education in formal and informal

education. For children to develop a positive attitude towards breastfeeding, we must help them learn from an early age why breastfeeding is important. Breastfeeding information can be incorporated into subjects such as science, biology, family studies, home economics, nutrition and into maths, art, social studies, history, marketing, business, ecology and engineering. Education on breastfeeding at all levels will help in the protection, promotion and support of breastfeeding at the family, society and national levels.

The messages on breastfeeding to be incorporated at various level of education :

- Breastfeeding is the best feeding for the newborn as well as the best start in life.
- Breastfeeding is the most important measure to improve child health, nutrition and intelligence.
- Mothers and babies have the right to breastfeed
- Carrying a baby provides both security and stimulus to the baby's developing brain.
- Although mothers may need to work, babies need their mothers especially during the first two years of life.
- The baby needs to be put to the breast of the mother to suckle soon after birth. This will ensure colostrum feeding.
- The pregnant and lactating mother will take more/extra family food for proper nutritional.
- The infant should be exclusively breastfed for a period of 6 months.
- After 6 months, along with breastfeeding, the infant will be given locally available home cooked mixed complementary feeding.
- When the infant is ill continue breastfeeding and allow other family food frequently.

What can be done to incorporate breastfeeding agenda within the Education system ?

Since we appreciate that breastfeeding promotion is every one's responsibility and that it should be incorporated into the educational system. Bangladesh Breastfeeding Foundation (BBF) as its mandate must act to coordinate all activities towards that end. A work plan will be developed soon by BBF to fulfill the commitment of the breastfeeding theme of 1999. Target groups and institutions will be fixed e.g. teachers, parents and students of primary, secondary and tertiary school. The help of relevant Ministries of the Government will be required to incorporate breastfeeding agenda into the educational system. Health professions will have to play and increasingly important role in the context of the theme.



বাণী

শিশুর জন্য মায়ের দুধের গুরুত্ব উপলব্ধি করে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহের এবারের প্রতিপাদ্য নির্ধারিত হয়েছে "মায়ের দুধ জীবন ও শিক্ষার মান বাড়ায়"। "Breastfeeding : Education for life" এটা অত্যন্ত সঠিক এবং সমন্বিত। মায়ের দুধের বিষয়ে গণসচেতনতা সৃষ্টি করা এবং জীবনের প্রতিটি শিক্ষা কার্যক্রমে মায়ের দুধের সঠিক তথ্য অন্তর্ভুক্ত করা বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ '৯৯ উদযাপন এর মূল লক্ষ্য।

মায়ের দুধ প্রকৃতির দান। প্রকৃতি প্রদত্ত এই সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে হবে। মায়ের দুধ একদিকে যেমন শিশুর পরিপূর্ণ পুষ্টি যোগায়, স্বাস্থ্য রক্ষা করে, শারিরীক বুদ্ধি ঘটায়, রোগ প্রতিরোধ করে, অন্যদিকে তেমনি দীর্ঘজীবী যথাযথ বিকাশ ঘটায়। তাই প্রতিটি শিশুকে বুকের দুধ খাওয়ার সুযোগ প্রদানের লক্ষ্যে সকল কার্যক্রমকে অগ্রাধিকার দেওয়া এবং বাস্তবায়ন করা প্রয়োজন।

বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ '৯৯ উদযাপনের সকল কার্যক্রম সফল হউক। জয়বাংলা, জয় বঙ্গবন্ধু, বাংলাদেশ চিরজীবী হোক।

সালাহ উদ্দিন ইউসুফ
মন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



বাণী

মায়ের দুধ জীবন ও শিক্ষার মান বাড়ায়। শিশুদের জন্য মায়ের প্রাকৃতিক দুধের কোন বিকল্প নেই। বাংলাদেশে এ বছরও ০১ থেকে ০৭ আগস্ট "বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ ১৯৯৯" পালিত হচ্ছে জেনে আমি আনন্দিত।

শিশুর সঠিক বুদ্ধি ও সুষ্ঠু বিকাশে মায়ের দুধের উপকারিতা অপরিহার্য। এ বিষয়ে ব্যাপক গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মায়ের দুধের উপকারিতা ও বোতলের দুধ খাওয়ানোর ক্ষতিকর প্রভাব সম্পর্কে সঠিক তথ্য ঘরে ঘরে পৌঁছে দিতে হবে। সমাজের সর্বস্তরে শিশুদের মাতৃদুগ্ধ পান করানোর অনুকূল মনোভাব সৃষ্টি করতে হলে সর্বত্র মা ও শিশুবান্ধব পরিবেশ গড়ে তোলা একান্ত প্রয়োজন।

আমি মা ও শিশু তথা সমগ্র জাতির কল্যাণে "বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ ১৯৯৯" পালন কর্মসূচীর সার্বিক সাফল্য কামনা করি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক
শেখ হাসিনা
প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

সারা বিশ্বের মত বাংলাদেশেও ১লা ৭ই আগস্ট পর্যন্ত বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ পালিত হচ্ছে। মায়ের দুধ শিশুর জীবন রক্ষা করে, তার মেধাকে বিকশিত করে, শিশু মৃত্যুর হার কমায়। একটি বুদ্ধিমান শিশু ভবিষ্যতে একজন সুনামগরক হিসাবে গড়ে ওঠে, সুস্থ সমাজ প্রতিষ্ঠা করে, ফলে দেশ ও জাতি উপকৃত হয়। মায়ের দুধের প্রচারাভিযানকে সাফল্যমণ্ডিত করা এবং সমাজকে সচেতন করার লক্ষ্যে "বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ" পালনের এই উদ্যোগ অত্যন্ত প্রশংসনীয়।

ইতিমধ্যে সফল মাতৃদুগ্ধদান নিশ্চিত করতে বাংলাদেশ সরকার ব্যাপক পদক্ষেপ গ্রহণ করেছে। যেমন হাসপাতাল ও মাতৃস্বাস্থ্য কেন্দ্রগুলোকে শিশুবান্ধব করা এবং কর্মসূচী শিশু পালন কেন্দ্র প্রতিষ্ঠা করা।

প্রতিটি শিশুই যেন সফলভাবে মায়ের দুধ খেতে পারে সেই লক্ষ্যে পরবর্তী কর্মসূচী প্রণয়ন করতে হবে যাতে বাংলাদেশে শিশুবান্ধব পরিবেশ গড়ে তোলা সম্ভব হয়।

আমি বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ '৯৯ এর সার্বিক সাফল্য কামনা করছি।

এম এম রেজা
সচিব

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Courtesy:



The ACME Laboratories Ltd

ISO 9001 CERTIFIED COMPANY

SAVE YOUR CHILD WITH BREAST FEEDING